মেহেরপুর জেলা বিএনপির স্বাধীনতা দিবস পালন

২৬ মার্চ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির পুস্প মাল্য অর্পন করেন।

শুক্রবার সকালে মেহেরপুর শহীদ স্মৃতিসৌধে জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক প্রভাষক ফয়েজ মোহাম্মদের নেতৃত্বে বীর শহীদের প্রতি শ্রদ্ধা জানাতে পুস্প মাল্য অর্পন করেন।

এসময় জেলা বিএনপির সহ সভাপতি ওমর ফারুক লিটন সহ অন্যান্য বিএনপি নেতা এবং জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক রাজন, জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনি, যুবদলের সদস্য খাইরুল, জেলা ছাত্র দলের সাবেক সহ সভাপতি নাহিদ মাহাবুব সানি, সহ সাধারণ সম্পাদক মিন্টু, সহ সাংগাঠনিক সম্পাদক লিটন সহ যুবদল, ছাত্রদলের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

করোনায় আক্রান্ত হয়ে মেহেরপুরের মুক্তিযোদ্ধা লালার মৃত্যু

করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন মেহেরপুরের বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান লালা। আজ ভোরে শেখ রাসেল গ্যসেট্রালিভার ইনিস্টিটিউট ও হাসপাতালে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্নালিল্লাহি রাজিউন)।

তাঁর পারিবরিক সূত্রে জানা যায়, গত ২৩ তারিখ মঙ্গলবার ধানমন্ডির ইডেন মাল্টিকেয়ার হাসপাতালে কোভিড-১৯ পজেটিভ রিপোর্ট পাওয়া যায়। বুধবার অবস্থার অবনতি হলে তাকে শেখ রাসেল গ্যসেট্রালিভার ইনিস্টিটিউট নেয়া হয়। সেখানে লাইফ সাপোর্টে থাকাকালীন অবস্থায়

তিনি মৃত্যুবরণ করেন।

মরহুমের নামাজে জানাজা মহম্মদপুর সাত মসজিদ প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়েছে আজ সকাল ১১টায়। বীরমুক্তিযোদ্ধাকে মহম্মদপুর ঢাকা প্রশাসন রাষ্ট্রীয়মর্যাদা প্রদান করে মহম্মদপুর বুদ্ধিজীবী কবরস্থানে দাফন করা হয়।

তিনি মুক্তিযুদ্ধের ৮নং সেক্টরের সেক্টটর কমান্ডার মেজর এম মঞ্জুরের অধীন মুক্তিযুদ্ধে অংশগ্রহন করেছিলেন।

তাঁর যুদ্ধের সংক্ষিপ্ত বিবরণে জানা যায় তিনি বৈদ্যনাথতলা (মুজিবনগর) এবং চুয়াডাংগা মেহেরপুর সংযোগ ব্রীজটি তিনি নিজ হাতে ধ্বংস করেন। মরহুম তার স্ত্রী ও দ্ইু কন্যা রেখে গেলেন।

যত বড় নেতাই শৃঙ্খলা ভঙ্গ করুক কোনো ছাড় নয়: কাদের

দলীয় শৃঙ্খলার বিষয়ে কঠিন সিদ্ধান্ত নেওয়ার হুশিয়ারি দিয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেছেন, শৃঙ্খলা ভঙ্গকারী যত বড় নেতাই হোক না কেন কোনো ছাড় দেওয়া হবে না।

ওবায়দুল কাদের সোমবার সকালে নওগাঁ জেলার পোরশা উপজেলার সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

তিনি তার সরকারি বাসভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সম্মেলনে যুক্ত হন।

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, শেখ হাসিনা দলীয় শৃঙ্খলার বিষয়ে অত্যন্ত কঠোর অবস্থানে, শৃঙ্খলা না মানলে যত বড় নেতা বা জনপ্রতিনিধি হোন না কেন, দল কাউকে ছাড় দেবে না।

বিভিন্ন নির্বাচনি প্রচার ও দলীয় কার্যক্রমে বক্তব্য দেওয়ার ক্ষেত্রে সতর্ক থাকার আহ্বান জানিয়ে ওবায়দুল কাদের বলেন, খেয়ালখুশিমতো কথা বলা এবং অরাজনৈতিক বক্তব্য দল ও সরকারের

অর্জনকে প্রশ্নবিদ্ধ করে এমন কথাবার্তায় দলের শৃঙ্খলার বিঘ্নিত হয়।

তিনি আরও বলেন, কারও ব্যক্তিগত অনিয়মের দায় দল বহন করবে না।

ওবায়দুল কাদের জানান, স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর অনুষ্ঠানমালা শেষে দলের কার্যনির্বাহী কমিটির সভায় দলীয় শৃঙ্খলার বিষয়ে কঠিন সিদ্ধান্ত নেওয়া হবে।

তিনি বলেন, দলের দুঃসময়ে এদের কেউ পাশে থাকবে না। প্রক্ষান্তরে ত্যাগীরাই দলকে আঁকড়ে ধরে থাকবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আছে বলেই পুরো জাতি বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী পালন করতে পারছে বলেও জানান আওয়ামী লীগ সাধারণ সম্পাদক।

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন চাঁদপুর ইউনিয়ন

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকালে ঝিনাইদহ বীরশ্রেষ্ট্র হামিদুর রহমান স্টেডিয়ামে খেলাটি অনুষ্ঠিত হয়।

হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়ন ২-০ গোলে সদর উপজেলার ঘোড়শাাল ইউনিয়নকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। করোনা মহামারী উপক্ষো করে দু’দলের এই তুমুল প্রতিদ্বন্দীতা পূর্ণ খেলা ঝিনাইদহের মানুষ দীর্ঘ দিন পর উপভোগ করেন। খেলা শুরু হতে না হতেই গ্যালারী কানাই কানাই পূর্ণ হয়ে যায়।

মাস ব্যাপী এ টুর্নামেন্টের সভাপতির দায়িত্বে ছিলেন, ঝিনাইদহের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি, সংরক্ষিত মহিলা আসনের সাংসদ খালেদা খানম এমপি, পুলিশ সুপার মোঃ মুনতাসিরুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা, ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের পৃষ্ঠপোষক ও জাহেদি ফাউন্ডেশন নির্বাহী পরিচালক নাসের শাহরিয়ার জাহেদি মহুল,

হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানাসহ বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান ও জেলার ক্রীড়া সংস্থার নেতৃবৃন্দ।

খেলায় চ্যাম্পিয়ন দলকে ৩ লাখ টাকা এবং রানার্স আপ দলকে ২ লাখ টাকা প্রাইজমানি হিসেবে উপহার দেওয়া হয়।

কালীগঞ্জে মাস্ক না পরায় জরিমানা

মহামারি করোনা প্রতিরোধে জনসচেতনতা বাড়াতে মাঠে নেমেছে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা প্রশাসন।

সোমবার সকাল ১২ টায় উপজেলা নির্বাহী কর্মকর্তা সূবর্ণা রানী সাহার নেতৃত্বে শহরের মেইন বাসষ্ট্যান্ড, মধুগঞ্জ বাজার সহ বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

এ সময় সড়কে চলাচলকারী যাত্রীবাহী বাস, ইজিবাইক, বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান ও পথচারীদের মাস্ক পরিধান না থাকায় জরিমানা আদায়সহ ফ্রি মাস্ক বিতরণ করেন।

ভ্রাম্যমাণ আদালত অভিযানের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও কালীগঞ্জ ইউএনও সূবর্ণা রানী সাহা জানান, বাড়ছে করোনার প্রকোপ। তা প্রতিরোধে মাস্ক পরিধান অত্যবশ্যকীয়। বিশেষ করে গনপরিবহন ও

বিভিন্ন জনসমাগম স্থান গুলো করোনার জন্য ঝুকিপূর্ণ এলাকা।

তাই করোনা প্রতিরোধে সবার মধ্যে সচেতনতা বাড়াতেই এ অভিযান পরিচালনা করা হচ্ছে। এ সময়ে মাস্ক পরিধান না করাসহ মোটরসাইকেলের কাগজপত্র না রাখার অপরাধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ১৩’শ ৫০ টাকা জরিমানা আদায় করা হয়।

কোটচাঁদপুরে বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর থানা ও পৌর বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার বেলা ১১ টার স্থানীয় কাশিপুর সিরু মিয়ার ইট ভাটা চত্তরে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের শুরুতে জাতীয় পতাকা উত্তোলন ও শান্তির পায়রা উড়িয়ে সম্মেলনের কার্যক্রম শুরু করা হয়।

উপজেলা বিএনপি’র আহ্বায়ক আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপির সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম মঞ্জু।

সম্মেলনের উদ্বোধক হিসাবে ছিলেন, জেলা বিএনপির আহ্বায়ক অ্যাড. এস এম মশিয়ুর রহমান। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. এম.এ মজিদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত, সহ-সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু, জাতীয় নির্বাহী কমিটির সহ-তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুল, জেলা বিএনপির যুগ্ন-আহ্বায়ক আব্দুল মালেক, জেলা বিএনপির যুগ্ন-আহ্বায়ক মো: আক্তারুজ্জামান, সদর থানার আহ্বায়ক অ্যাড. কামাল আজাদ পান্নু, ঝিনাইদহ পৌর শাখার আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাস, কোটচাঁদপুর

পৌর শাখার আহ্বায়ক এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

সম্মেলনে থানা কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন, উপজেলা বিএনপি’র আহ্বায়ক আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী এবং পৌর কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন, পৌর বিএনপির আহ্বায়ক এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল। সাধারণ সম্পাদক আবুল কাশেম।

এসময় উপজেলা বিএনপি’র সদস্য সচিব মিজানুর রহমান খাঁন লাভলু, ও পৌর বিএনপির সদস্য সচিব ফারুক হোসেন খোকন সহ উপজেলা ও পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বন্যপ্রাণী সংরক্ষণে গণ সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত

‘পশুপাখি মারবো না, পরিবেশের ক্ষতি করবো না’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে দামুড়হুদায় বন্যপ্রাণী সংরক্ষণে গণ সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টায় দামুড়হুদা উপজেলার বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের হল রুমে বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ খুলনা অঞ্চলের আয়োজনে ও বাংলাদেশের বন্যপ্রাণী সংরক্ষণ ও আবাসস্থল উন্নয়ন প্রকল্পের অর্থায়নে এই সভার আয়োজন করা হয়।

বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদিপ্ত কুমার সিংহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ খুলনার মৎস্য বিশেষজ্ঞ মফিজুর রহমান চৌধুরী, কুতুবউদ্দিন মাস্টার, আওয়ামী লীগ নেতা মতিউর রহমান মতি, সেলিম উদ্দিন মাস্টার, হাসান আলী মাস্টার, সাংবাদিক মশিউর রহমান, উদায়ন সংঘের প্রচার সম্পাদক শেখ সাদায়েত হোসেন সহ প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক গোলাম ছারোয়ার নান্নু।

অনুষ্ঠানের শুরুতে কোরআন থেকে তেলোয়াত করেন বিষ্ণূপুর মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক বেলায়েত হোসেন।

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য প্রদান করেন নবম শ্রেণীর শিক্ষার্থী আফরোজ।

এসময় প্রধান অতিথির বক্তব্যে সুদিপ্ত কুমার সিংহ বলেন, পাখি ও প্রকৃতি পরিবেশের অবিচ্ছেদ্য অংশ। আমাদের দেশে প্রায় ৩৩৭ প্রজাতির দেশীয় পাখি রয়েছে। পাখি হল প্রকৃতির কীটনাশক, এরা কীট-পতঙ্গ ও নোংরা আবর্জনা খেয়ে রোগবালাই দমন করে পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

বন্যপ্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইনে পাখি শিকার, হত্যা, ক্রয়-বিক্রয় ও পাচার করা দণ্ডনীয় অপরাধ। তাই আসুন আমরা সকলে আমদের পরিবেশটাকে সুন্দর রাখতে, নিজের অস্তিত্ব ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য বন্যপ্রাণী সংরক্ষণ করি।

স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় নেতাদের মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ

জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশত বার্ষীকি উপলক্ষে মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেছে বাংলাদেশ স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দরা।

রবিবার বিকালে চুয়াডাঙ্গা থেকে সরাসরি সড়ক পথে মুজিবনগর এসে বাংলাদেশ কেন্দ্রীয় আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি নির্মল রন্জন গুহ’র নেতৃত্বে এ পুষ্পামাল্য অর্পণ করা হয়।

এ সময় বাংলাদেশ কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক

একেএম আফজালুর রহমান, সহ সভাপতি নির্মল কুমার চ্যাটার্জী, সৈয়দ নাসির উদ্দীন, যুগ্ম সাধারণ সম্পাদক খাইরুল হাসান জুয়েল, সাংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ আল সায়েম, দপ্তর সম্পাদক আজিজুল হক আজিজ, সদস্য আদনান সুমন,
মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল এনাম বকুল, মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি বেলাল হাসান বিপ্লাব, সহ সভাপতি মতিউর রহমান মতিন, সাধারণ সম্পাদক শাহ্ আরিফ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

এর আগে কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দরা মুজিবনগর পৌছালে মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীরা তাদের ফুলেল শুভেচ্ছা জানান।

মেহেরপুরে মুজিববর্ষ উপলক্ষে পরিচ্ছন্ন শহর উপহার দিতে চাই-মাহফুজুর রহমান রিটন

মুজিববর্ষে পরিচ্ছন্ন বাংলাদেশ উপহার দেয়ার কথা উল্লেখ করে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেছেন, ২০২০ সালের ১৭ই মার্চ থেকে ২০২১ সালের ২৬ শে মার্চ পর্যন্ত সময়টাকে মুজিব বর্ষ হিসেবে ঘোষণা করা হয়েছে।

এই মুজিববর্ষ কে সামনে রেখে আমরা পরিচ্ছন্ন বাংলাদেশ উপহার দিতে চাই। এজন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর কার্যক্রম শুরু করা হয়েছে। আগামী বছরের শুরুতেই আনুষ্ঠানিকভাবে এই কার্যক্রমের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী।

রবিবার দুপুরে মেহেরপুর পৌর চত্তরে মুজিববর্ষে পরিস্কার পরিছন্নতা অভিযান কার্যক্রমের উদ্বোধনকালে এ কথা বলেন তিনি।

তিনি আরও বলেন, মেহেরপুর শহরের প্রতিটি রাস্তা ড্রেনসহ সর্বত্র পরিছন্নতা নিশ্চিত করা হবে। আমাদের উদ্দেশ্য হচ্ছে- সর্বসাধারণের

মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতার দৈনন্দিন অভ্যাস গড়ে তোলার পাশাপাশি এ বিষয়ে তাদেরকে সচেতন করা।

আমাদের স্লোগান-পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন ইউনিয়ন, পরিচ্ছন্ন ওয়ার্ড-পরিচ্ছন্ন শহর, পরিচ্ছন্ন উপজেলা-পরিচ্ছন্ন জেলা।

এ অভিযানের মধ্যে রয়েছে, মশার বংশবিস্তার রোধে নির্দিষ্ট স্থানে ময়লা আবর্জনা ফেলুন, পথচারীরা রাস্তা ও ফুটপাত পরিষ্কার রাখার জন্য ডাস্টবিন ব্যবহার করুন, কুরবানী পশুর বর্জ্য নির্ধারিত স্থানে ফেলুন, বাড়ি-ঘর রঙ করুন এবং সুন্দর পরিবেশ গড়ে তুলুন, নিজে ভালো থাকুন এবং অপরকেও ভালো থাকতে উৎসাহিত করুন। আসুন আমরা সবাই মিলে স্বাস্থ্যসম্মত সুন্দর ও পরিচ্ছন্ন মেহেরপুর শহরকে গড়ে তুলি।

এ সময় প্রকৌশলী হারুন অর রশিদ, পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, ইভান রাব্বি, বাপ্পি, আলাপনা খাতুন, হামিদা খাতুন সহ পৌরসভার কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

করোনা মোকাবেলায় মুজিবনগরে থানা পুলিশের সচেতনতা মূলক কর্মসূচি

“মাস্ক পরার অভ্যাস করোনা মুক্ত বাংলাদেশ” এ শ্লোগানে মুজিবনগরে কোভিড ১৯ করোনা ভাইরাসের দ্বিতীয় ধাপের সংক্রমণ প্রতিরোধে এবং বাংলাদেশে সংক্রমণ বাড়তে থাকায় সামাজিক দুরত্ব বজায় রাখাসহ মাস্ক পরিধান করার জন্য জনগন কে সচেতন করতে এক যোগে বাংলাদেশের সমগ্র জেলা উপজেলায় বাংলাদেশ পুলিশ এর উদ্যোগে সচেতনতামূলক কার্যকম পরিচালিত হচ্ছে।

তারই অংশ হিসাবে সকাল ১০ টার সময় মুজিবনগর থানা পুলিশের উদ্যোগে কেদারগন্জ বাজারে মাস্ক বিতরণ ও সচেতনতামূলক কার্যকম পরিচালিত করা হয়।